



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৯৯.২৭.০০৮.২০১৮ (অংশ-১). ২৬৩

তারিখ: ০৫ আষাঢ় ১৪২৯
১৯ জুন ২০২২

বিষয়: তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী চাহিত তথ্য সরবরাহ প্রসংগে।

সূত্র: জনাব মোঃ আবুল কাসেম ১৫.০৬.২০২২ তারিখের আবেদন।


উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত আবেদনপত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মোঃ আবুল কাসেম কর্তৃক তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী নিম্নবর্ণিত তথ্যাদি চেয়ে তথ্য প্রদান ইউনিটে সূত্রোক্ত পত্রের মাধ্যমে আবেদন করেছেন। আবেদনপত্রের চাহিত তথ্যাদি তথ্য প্রদান ইউনিটে মজুদ নেই।

চাহিত তথ্য

- (ক) ৩১ আগস্ট, ২০১০ খ্রিঃ তারিখের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন স্থানীয় সরকার বিভাগের -স্বাসবি/শাঃ উন্নয়ন-১/নিয়মিতকরণ/০৭/২০১০/৬৫২নং স্মারক মূলে ১১০ জনকে এলজিইডি'র বিভিন্ন উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতের সহকারী প্রকৌশলী (পুর)পদে নিয়মিতকরণের বিষয়ে পিএসসি'র চাহিত এলজিইডি হতে প্রাপ্ত তথ্যাদি প্রতিস্বাক্ষর করতঃ সার-সংক্ষেপ প্রেরণ করে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক যে মতামত চাওয়া হয়েছিল তার প্রেক্ষিতে ১১০ জনের নিয়মিতকরণের জন্য সরকারি কর্মকমিশন কর্তৃক কোন সুপারিশ/মতামত দিয়েছিল কি না? দিলে তার কপি।
- (খ) ২০১০, ২০১১ ও ২০১৩ সালে স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর বিভিন্ন উন্নয়ন প্রকল্প হতে রাজস্বখাতের সহকারী প্রকৌশলী (পুর) নিয়মিতকরণের বিষয়ে সরকারি কর্মকমিশন কর্তৃক কোন সুপারিশ/মতামত দিয়েছিল কি না? দিয়ে থাকলে তার কপি।

০২. এমতাবস্থায়, আবেদনকারির সূত্রোক্ত আবেদনপত্র এতদসংগে প্রেরণ করা হলো। আবেদনে চাহিত তথ্যাদি তথ্য অধিকার আইন, ২০০৯ এর ১০(৫) ধারা মোতাবেক পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে তথ্য প্রদান ইউনিটে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) ফর্দ।


পঞ্জাজ ঘোষ
উপসচিব

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
তথ্য প্রদান ইউনিট

ফোন: +৮৮-০২-৯৫১৪৬১১
E-mail: mon1@lgd.gov.bd

বিতরণঃ কার্যার্থেঃ

উপসচিব (উন্নয়ন-১)

স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে।

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

৩। জনাব মোঃ আবুল কাসেম, পিতা-মোঃ মোক্তার সরদার, মাতার নাম- মহিফুল বিবি, কক্ষনং-৬০৫ (৭ম তলা), এইচ,এম, সিদ্দিক ম্যানসন, ৫৫/এ, পুরানা পল্টন, ঢাকা ১০০০।

৪। অফিস কপি